Government of the People's Republic of Bangladesh
Ministry of Finance
Economic Relations Division
World Bank-4 Branch
Sher-e-Bangla Nagar, Dhaka.
www.erd.gov.bd

**Press Release**

## Signing of a Financing Agreement on "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project"

A Financing Agreement of US$ 300.00 million (equivalent SDR) loan has been signed today (18 October 2021) between the Government of the People's Republic of Bangladesh and the International Development Association (IDA) of the World Bank Group to implement the "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project". **Ms. Fatima Yasmin, Secretary, Economic Relations Division and Ms. Mercy Tembon, Country Director of the World Bank,** Dhaka Office signed the Agreement on behalf of their respective sides.

Bangladesh has made rapid social and economic progress in recent decades. The country is currently undergoing a demographic dividend and to reap the benefits, we have no choice but to turn the hands of our large-performing population into skilled hands. In this case, the importance and necessity of technical education is immense. Technology is constantly changing and evolving and our industries are becoming more technology dependent than ever before. The demand for skilled workers is increasing at home and abroad. Although the participation of women in the labor force has increased, the employment rate is still far behind. Higher investment has been prioritized for the adoption of new technologies in the skills development sector and special emphasis has been laid on increasing labor productivity, gender and income equality and increasing employment in achieving the SDG targets. In line with the National Education Policy 2010 and the National Skills Development Policy 2011, a five-year project titled "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project" has been adopted.

Directorate of Technical Education under the Technical and Madrasa Education Division will act as the Lead Implementing Agency and Ministry of Expatriates' Welfare and Employment, Ministry of Industries and the Medical Education and Family Welfare Division will act as Partner Implementing Agencies (PIAs) of the project. The project will be implemented from July 2021 to December 2026.

The main objective of the project is to create future employment opportunities for Bangladeshi youth and workers, including women and disadvantaged people. As a result, a high-skilled labor society will be created by 2030. One lac youth will get benefit from this project and hence it will play a significant role towards the economic development of Bangladesh. The major components of the project are: (i) Transforming formal skills development for future of work, inclusiveness, and resilience; (ii) Innovative skills development programs for employment and empowerment; (iii) Enhancing the institutional capacity of government agencies of the skills development system; (iv) Strengthening employability and inclusiveness of diploma courses for priority sectors; and (v) Expanding market-demanded formal short-courses for priority sectors.

The loan will be received in standard terms and conditions of IDA, which includes 0.75% service charge on disbursed amount and interest at the rate of 1.25% per annum. The repayment period of the loan is 30 years including 5 years grace period and commitment fee has been fixed as 0% for quite a long time.

18/10/2021

(Dr. Delwar Hossain)
Deputy Secretary
Phone-9180688

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
বিশ্বব্যাংক-৪ অধিশাখা
শের-ই-বাংলা নগর, ঢাকা।
www.erd.gov.bd

# প্রেস বিজ্ঞপ্তি

## "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project" শীর্ষক প্রকল্পের অর্থায়ন চুক্তি (ঋণচুক্তি) স্বাক্ষর

আজ ১৮ই অক্টোবর ২০২১ খ্রি. তারিখে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উদ্যোগে কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িতব্য "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project" শীর্ষক প্রকল্পে বাংলাদেশ সরকার এবং বিশ্বব্যাংকের আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা (আইডিএ)-এর মধ্যে ৩০০.০০ (তিন শত) মিলিয়ন মার্কিন ডলার (সমপরিমাণ এসডিআর) ঋণচুক্তি স্বাক্ষরিত হয়। **বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের সচিব, ফাতিমা ইয়াসমিন এবং বিশ্বব্যাংকের পক্ষে বিশ্বব্যাংক ঢাকা অফিসের কান্ট্রি ডাইরেক্টর Ms. Mercy Tembon অর্থায়ন চুক্তিতে স্বাক্ষর করেন।**

২। বাংলাদেশ সাম্প্রতিক দশকে দ্রুত সামাজিক এবং অর্থনৈতিক অগ্রগতি সাধন করেছে। দেশে বর্তমানে demographic dividend চলছে এবং এর সুফল পেতে হলে আমাদের বৃহৎ-কর্মক্ষম জনগোষ্ঠীর হাতগুলোকে দক্ষ হাতে রূপান্তর করার কোন বিকল্প নেই। এ ক্ষেত্রে কারিগরি শিক্ষার গুরুত্ব ও প্রয়োজনীয়তা অপরিসীম। প্রতিনিয়ত প্রযুক্তির পরিবর্তন ও উন্নতি হচ্ছে এবং আমাদের শিল্পকারখানাগুলিও আগের তুলনায় অনেক বেশি প্রযুক্তি নির্ভর হয়ে পড়ছে। দেশ-বিদেশে বাড়ছে দক্ষ কর্মীর চাহিদা। নারী শ্রমশক্তির অংশগ্রহণ বাড়লেও চাকরির হার এখনও অনেকটা পিছিয়ে। দক্ষতা উন্নয়ন খাতে নতুন প্রযুক্তি গ্রহণের লক্ষ্যে উচ্চতর বিনিয়োগকে অগ্রাধিকার দেওয়া হয়েছে এবং এসডিজি লক্ষমাত্রা অর্জনে শ্রম উৎপাদনশীলতা বৃদ্ধি, লিঙ্গ ও আয়ের সমতা বিধান এবং কর্মসংস্থান বৃদ্ধির ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। জাতীয় শিক্ষানীতি ২০১০ এবং জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি ২০১১-এর সাথে সামঞ্জস্য রেখে পাঁচ বছর মেয়াদি "Accelerating and Strengthening Skills for Economic Transformation (ASSET) Project" শীর্ষক প্রকল্প গ্রহণ করা হয়েছে।

৩। প্রকল্পের লীড বাস্তবায়নকারী সংস্থা হিসেবে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উদ্যোগে কারিগরি শিক্ষা অধিদপ্তর এবং অংশীদার বাস্তবায়নকারী অর্থাৎ Partner Implementing Agency (PIA) হিসেবে প্রবাসী কল্যাণ ও কর্মসংস্থান মন্ত্রণালয়, শিল্প মন্ত্রণালয় এবং স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ কাজ করবে। প্রকল্পটি জুলাই ২০২১ খ্রি. হতে ডিসেম্বর ২০২৬ খ্রি. মেয়াদে বাস্তবায়িত হবে।

৪। প্রকল্পটির মূল উদ্দেশ্যে হলো মহিলা এবং সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীসহ বাংলাদেশী যুবক ও কর্মীদের ভবিষ্যৎ কর্মসংস্থানের সম্ভাবনা তৈরির লক্ষ্যে তাদেরকে চাহিদাভিত্তিক দক্ষ জনবল হিসেবে তৈরি করা। ফলশ্রুতিতে ২০৩০ সালের মধ্যে উচ্চ-দক্ষতাসম্পন্ন শ্রমসমাজ সৃষ্টি হবে। এর মাধ্যমে এক লক্ষ যুবক উপকৃত হবে এবং এটি বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নে সহায়ক ভূমিকা পালন করবে। প্রকল্পের অঙ্গভিত্তিক কার্যক্রমসমূহ হলো: (ক) প্রাতিষ্ঠানিক দক্ষতা উন্নয়ন কার্যক্রম বিকাশের মাধ্যমে ভবিষ্যতে কর্মসংস্থানকে আরো অন্তর্ভুক্তিমূলক এবং প্রযুক্তি-সহায়ক হিসেবে রূপান্তর; (খ) উদ্ভাবনী দক্ষতা উন্নয়ন কর্মসূচির মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টি ও ক্ষমতায়ন নিশ্চিতকরণ; (গ) সরকারি সংস্থার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে দক্ষতা উন্নযন; (ঘ) অগ্রাধিকার খাতসমূহে ডিপ্লোমা কোর্সের মাধ্যমে কর্মসংস্থান এবং অন্তর্ভুক্তিমূলকতা বৃদ্ধি; এবং (ঙ) বাজার চাহিদা অনুযায়ী অগ্রাধিকার খাতসমূহের জন্য স্বল্পমেয়াদি-কোর্স বৃদ্ধি।

৫। আলোচ্য প্রকল্পের জন্য আইডিএ অর্থায়নের ঋণ ৫ (পাঁচ) বছরের গ্রেস পিরিয়ডসহ ৩০ বছরে পরিশোধ করতে হবে। এ ঋণের উত্তোলিত অর্থের উপর বার্ষিক ০.৭৫% হারে সার্ভিস চার্জ এবং ১.২৫% হারে সুদ প্রদান করতে হবে। অনুত্তোলিত অর্থের উপর বার্ষিক সর্বোচ্চ ০.৫০% হারে কমিটমেন্ট ফি প্রদেয় হবে। তবে চলতি অর্থ বছরসহ দীর্ঘদিন যাবত কমিটমেন্ট ফি ০% (শূন্য শতাংশ)-এ নির্ধারিত রয়েছে।

১৮/১০/২০২১

(ড. দেলোয়ার হোসেন)
উপসচিব
ফোন-৯১৮০৬৮৮